



নোযিবেলে এবং তিনটি চুল

Nozibele and the three hairs

- ✍ Tessa Welch
- 👤 Wiehan de Jager
- 💬 Asma Afreen
- 🗨 Bengali / English
- 📊 Level 3





বহুকাল আগে, তিন মেয়ে লাকড়ি সংগ্রহ করতে
গিয়েছিল।

...

A long time ago, three girls went out to
collect wood.



দিনটি খুব গরম ছিল, তাই তারা নদীতে সাঁতার কাটতে গিয়েছিল। তারা পানিতে খেলেছিল, জল ছিটিয়েছিল এবং সাঁতার কেটেছিল।

...

It was a hot day so they went down to the river to swim. They played and splashed and swam in the water.



হঠাৎ তারা উপলব্ধি করে যে অনেক দেৱী হয়ে
গেছে। তারা দ্রুত গ্রামে ফিরে গেল।

...

Suddenly, they realised that it was late.
They hurried back to the village.



ঘরে প্রায় পৌঁছে যাবে এমন সময় নোযিবেলে তার গলায় হাত দিল। সে তার হার ভুলে রেখে এসেছে! “অনুগ্রহ করে আমার সাথে ফিরে চল!” সে তার বান্ধবীদের অনুনয় বিনয় করল। কিন্তু তার বান্ধবীরা বলল অনেক দেরী হয়ে গেছে।

...

When they were nearly home, Nozibele put her hand to her neck. She had forgotten her necklace! “Please come back with me!” she begged her friends. But her friends said it was too late.



তাই নোযিবেলে একাই নদীতে ফিরে গেল। সে তার হার খুঁজে পেল এবং দ্রুত ঘরে ফিরতে গেল। কিন্তু সে অন্ধকারে হারিয়ে গেল।

...

So Nozibele went back to the river alone. She found her necklace and hurried home. But she got lost in the dark.



দূরে সে একটি কুটির থেকে আলো আসতে দেখল।
সে তড়িঘড়ি করে সেখানে গেল আর দরজা ঠক ঠক
করল।

...

In the distance she saw light coming from
a hut. She hurried towards it and knocked
at the door.



তাকে অবাক করে দিয়ে একটি কুকুর দরজা খুলল আর বলল, "তুমি কি চাও?" "আমি হারিয়ে গিয়েছি এবং আমার ঘুমোবার জন্য একটি স্থান প্রয়োজন," নোযিবেলে বলল। "ভিতরে আস, নাহলে আমি তোমাকে কামড়ে দিব!" কুকুর বলল। তাই নোযিবেলে ভিতরে আসল।

...

To her surprise, a dog opened the door and said, "What do you want?" "I'm lost and I need a place to sleep," said Nozibebe. "Come in, or I'll bite you!" said the dog. So Nozibebe went in.



তারপর কুকুর বলল, "আমার জন্য রান্না কর!"
"কিন্তু আমি কখনো এর আগে কুকুরের জন্য রান্না
করিনি," সে উত্তর দিল। "রান্না কর, নাহলে আমি
তোমাকে কামড়ে দিব!" কুকুর বলল। তাই
নোযিবেলে কুকুরটির জন্য কিছু খাবার রান্না করল।

...

Then the dog said, "Cook for me!" "But
I've never cooked for a dog before," she
answered. "Cook, or I'll bite you!" said the
dog. So Nozibele cooked some food for
the dog.



তারপর কুকুর বলল, "আমার জন্য বিছানা কর!"
"কিন্তু আমি কখনো এর আগে কুকুরের জন্য বিছানা
করিনি," সে উত্তর দিল। "বিছানা কর, নাহলে আমি
তোমাকে কামড়ে দিব!" কুকুর বলল। তাই
নোযিবেলে কুকুরটির জন্য বিছানা করল।

...

Then the dog said, "Make the bed for
me!" Nozibele answered, "I've never
made a bed for a dog." "Make the bed, or
I'll bite you!" the dog said. So Nozibele
made the bed.



প্রতিদিন তাকে কুকুরের জন্য রান্না আর ধোয়ামোছা করতে হত। তারপর একদিন কুকুর বলল,
“নোযিবেলে, আমাকে আজ আমার কয়েকজন বন্ধুর সাথে দেখা করতে যেতে হবে। আমি ফিরে আসার আগে ঘর মুছে, খাবার রান্না করে আর আমার জিনিসপত্র ধুয়ে রাখবে।”

...

Every day she had to cook and sweep and wash for the dog. Then one day the dog said, “Nozibele, today I have to visit some friends. Sweep the house, cook the food and wash my things before I come back.”



কুকুর চলে যাওয়ার সাথে সাথেই নোজিবলে তার মাথা থেকে তিনটি চুল নিল। সে একটি চুল বিছানার নিচে, একটি দরজার পিছনে এবং একটি বেড়ার মাঝে রাখল। তারপর সে যত দ্রুত সম্ভব তত দ্রুত ঘরে দৌড়ে গেল।

...

As soon as the dog had gone, Nozibele took three hairs from her head. She put one hair under the bed, one behind the door, and one in the kraal. Then she ran home as fast as she could.



কুকুর ফিরে আসার পর, সে নোজিবেলেকে খুঁজল।
“নোজিবেলে, তুমি কোথায়?” সে চিৎকার করে
বলল। “আমি এখানে, বিছানার নিচে,” প্রথম চুলটি
বলল। “আমি এখানে, দরজার পিছনে,” দ্বিতীয়
চুলটি বলল। “আমি এখানে, বেড়ার মধ্যে,” তৃতীয়
চুলটি বলল।

...


When the dog came back, he looked for
Nozibele. “Nozibele, where are you?” he
shouted. “I’m here, under the bed,” said
the first hair. “I’m here, behind the door,”
said the second hair. “I’m here, in the
kraal,” said the third hair.



তারপর কুকুর বুঝতে পারল যে নোযিবেলে তাকে প্রতারণা করেছে। তাই সে সারাপথ দৌড়ে দৌড়ে গ্রামে গেল। কিন্তু নোযিবেলের ভাইরা সেখানে বড় লাঠি নিয়ে অপেক্ষা করছিলেন। কুকুর উল্টো ঘুরে দৌড়ে পালিয়ে গেল এবং তারপর থেকে আর কখনো তাকে দেখা যায় নি।

...

Then the dog knew that Nozibebe had tricked him. So he ran and ran all the way to the village. But Nozibebe's brothers were waiting there with big sticks. The dog turned and ran away and has never been seen since.



Storybooks Canada

storybookscanada.ca

নোযিবেলে এবং তিনটি চুল

Nozibele and the three hairs

Written by: Tessa Welch

Illustrated by: Wiehan de Jager

Translated by: (bn) Asma Afreen

This story originates from the African Storybook (africanstorybook.org) and is brought to you by Storybooks Canada in an effort to provide children's stories in Canada's many languages.



This work is licensed under a Creative Commons
[Attribution 3.0 International License](https://creativecommons.org/licenses/by/3.0/).